

# কালের কর্ত্তা

আপডেট : ১৯ মার্চ, ২০১৮ ২৩:২১

কয়েটে ছাত্রলীগের সংঘর্ষ

জড়িতদের শাস্তির দাবিতে উপাচার্যকে স্মারকলিপি

 জড়িতদের শাস্তির দাবিতে উপাচার্যকে স্মারকলিপি

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রংয়েট) ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষের ঘটনায় জড়িতদের শাস্তির দাবি জানিয়েছে সাধারণ শিক্ষার্থীরা। গতকাল সোমবার এ দাবিতে উপাচার্যকে স্মারকলিপি দেয় তারা।

উপাচার্য অধ্যাপক ড. মোহা. রফিকুল আলম বেগ স্মারকলিপি গ্রহণ করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন। স্মারকলিপিতে শিক্ষার্থীরা কয়েকটি দাবির কথা বলেছে। সেগুলো হলো জানমালের নিরাপত্তা নিশ্চিত করে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনা, আবাসিক হলগুলোর নিরাপত্তা বাড়ানো, সংঘর্ষের ঘটনায় ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ দেওয়া এবং ক্যাম্পাসে বহিরাগতদের অবাধ চলাচল বন্ধ করা।

স্মারকলিপিতে শিক্ষার্থীরা বলেছে, ‘গত ৮ মার্চ রাতে আবদুল হামিদ হলে ছাত্রলীগের দুই পক্ষের সময় বিভিন্ন কক্ষে ভাঙচুর ও লুটপাট হয়। ওই রাতে হামলাকারীরা আমাদের ল্যাপটপ, মোবাইল ফোনসেট, ক্যামেরা এবং টাকা লুটসহ হলের আসবাব ভাঙচুর করে। যার আনুমানিক মূল্য ৬৫ লাখ টাকা। এ ঘটনায় আমরা ভীত এবং নিরাপত্তাহীনতায় ভুগছি। আমরা নিয়মিত একাডেমিক কার্যক্রমেও অংশ নিতে পারছি না।’ উল্লেখ্য, গত ৮ মার্চ ছাত্রলীগের দুই পক্ষের ওই সংঘর্ষে তিনজন সাধারণ শিক্ষার্থীও আহত হয়। ওই দিন রাতেই রংয়েট শাখা ছাত্রলীগের কমিটি স্থগিত করে কেন্দ্রীয় ছাত্রলীগ।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইষ্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়া, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৮৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৮৭। E-mail : [info@kalerkantho.com](mailto:info@kalerkantho.com)